

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
 ঢাকা, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
 বিসিসি ভবন (৫ম তলা), আগারগাঁও, ঢাকা।
 (গবেষণা ও বৃত্তি শাখা)

স্মারক নং-৫৬.০০.০০০০.০২৮.৩৩.০৬৬.১৬ (অংশ-১)-৭৮৪

তারিখঃ ২২.০৬.২০১৬ খ্রি.

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়ঃ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে উত্তাবনীমূলক কাজে অনুদান প্রদানের জন্য মঙ্গুরী।

তথ্যপ্রযুক্তি সংশ্লিষ্ট উত্তাবনী কাজের জন্য এতদসংক্রান্ত এওয়ার্ড কমিটির সিদ্ধান্তের প্রেক্ষিতে নিয়বর্ণিত প্রতিষ্ঠানকে পার্শ্বে বর্ণিত পরিমাণ অর্থ পত্রে উল্লিখিত শর্ত সাপেক্ষে বিশেষ অনুদান প্রদানের সরকারী আদেশ নির্দেশক্রমে জারী করছি।

নং	আবেদনকারীর নাম ও ঠিকানা	যে প্রকল্পের জন্য অর্থ প্রদান করা হচ্ছে সেই প্রকল্পের বিবরণ	এওয়ার্ড কমিটির সিদ্ধান্ত ও অনুদানের পরিমাণ	২০১৫-১৬ অর্থ বছরে প্রদেয় অর্থ
১	Satkania Community-e-Center (CeC), UTDC Building, 1st Floor, Upazila Complex, P/O: Satkania, Upazila: Satkania, Chittagong.	দেশের সকল ইউনিয়ন ডিজিটাল সেন্টার ও উপজেলা তথ্য সেবা কেন্দ্র ব্যবহারের মাধ্যমে ৪,৫৭৭টি CEC ও UDC ই-শপ প্রতিষ্ঠা করার প্রস্তাব করা হয়েছে।	প্রকল্পে অনুদান হিসেবে এককালীন ২,০০,০০০ (দুই লক্ষ) টাকা প্রদান করা হবে।	২,০০,০০০ (তিনি লক্ষ)

২। শর্তসমূহ:

(ক) অনুদানের অর্থ ব্যয়ের ক্ষেত্রে কোনোরূপ অনিয়ম হলে কিংবা কোনো প্রকার অনিয়মের অভিযোগ প্রমাণিত হলে এবং অনুদানের অর্থ ব্যবহারের বিষয়টি মূল্যায়ন কমিটি, বিভাগের কর্মকর্তা/মাঠ প্রশাসনের কর্মকর্তা কর্তৃক পরিচালিত পরিবীক্ষণে গৃহীত/চলমান কার্যক্রম সন্তোষজনক মর্মে প্রতীয়মান না হলে অনুদান গ্রহণকারী ব্যক্তি/প্রতিষ্ঠান অনুদানের অর্থ সম্পূর্ণ কিংবা আংশিক ফেরত দিতে বাধ্য থাকবে।

(খ) অনুদানের অর্থ যথাযথভাবে ব্যবহারে অসমর্থ হলে মনোনীত ব্যক্তি/প্রতিষ্ঠান মঙ্গুরীকৃত সম্পূর্ণ অথবা আংশিক অর্থ ট্রেজারী চালানের মাধ্যমে এ বিভাগে ফেরত দিতে বাধ্য থাকবে।

(গ) প্রকল্পের কার্যক্রম সম্পাদন শেষে মনোনীত ব্যক্তি/প্রতিষ্ঠানকে ০২ (দুই) মাসের মধ্যে সমাপনী প্রতিবেদন এই বিভাগে দাখিল করতে হবে এবং প্রকল্পের আওতায় প্রস্তুতকৃত ডকুমেন্ট/সফ্টওয়্যার/মালামাল জনসেবা প্রদানের স্বার্থে ব্যবহারের লক্ষ্যে এ বিভাগে অথবা এ বিভাগ কর্তৃক নির্ধারিত প্রতিষ্ঠানের নিকট জমা দিতে হবে।

(ঘ) প্রকল্পের কার্যক্রম সম্পাদন শেষে অব্যায়িত অর্থ (যদি থাকে) ট্রেজারী চালানের মাধ্যমে "১-২৮০১-০০০১-২৬৭১" নং কোডে জমা করে সিটিআর গ্রহণপূর্বক ট্রেজারী চালানের কপিসহ বিল-ভাউচার দাখিল করে পরবর্তী ০১ মাসের মধ্যে সমন্বয় করতে হবে।

(১)

(৬) উপর্যুক্ত বিষয়ে আবেদনকারীকে ৩০০/- (তিনশত) টাকার মন জুডিসিয়াল স্ট্যাম্পে একটি অঙ্গীকারনামা স্বাক্ষর করতে হবে।

৩। মঞ্চুরীকৃত গবেষণার জন্য প্রদেয় মোট ২,০০,০০০ (দুই লক্ষ) টাকা মনোনীত প্রতিষ্ঠানকে প্রদানের নিমিত্ত "Satkania Community e Center (CeC)" শিরোনামে ক্রস চেক ইস্যু করতে নির্দেশক্রমে অনুরোধ করছি।

৪। চলতি অর্থ বছরের কোড নং ৩-২৮০১-০০০১-৫৯২১ এর "গবেষণা মঞ্চুরী" খাতে বরাদ্দকৃত অর্থ হতে এ অর্থ ব্যয় হবে।

৫। এ বিষয়ে অর্থ বিভাগের ১৫.০৬.২০১৬ খ্রি. তারিখের ০৭.১২৫.০২০.২৮.০১.০০৭.২০১৫-৮৭ নং পত্রে সম্মতি পাওয়া গেছে (কপি সংযুক্ত)।


(রাশেল মনজুর)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৮১৮১৬৪৪
ই-মেইলঃ ictdivision2014@gmail.com

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যোষ্ঠতার ভিত্তিতে নয়):

১। অতিরিক্ত সচিব (আইসিটি), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বিসিসি ভবন, আগারগাঁও, ঢাকা।

২। উপ-সচিব, বাজেট অধিশাখা-২৫, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। সচিবের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ঢাকা (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৫। জনাব মোঃ বেলাল হোসেন, উদ্যোগস্থ, সাতকানিয়া কমিউনিটি ই-সেন্টার, ইউটিডিসি বিল্ডিং, ২য় তলা, উপজেলা কমপ্লেক্স, সাতকানিয়া, চট্টগ্রাম।